আমাদেরসময়

তারিখ 11 DEC 2015
পৃষ্ঠা 2 কলাম 7

# বাংলাদেশ শিক্ষাক্ষেত্রে লিঙ্গ বৈষম্য দূর করতে সক্ষম হয়েছে

## -এলজিআরডিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেন, বাংলাদেশ প্রাথমিক ও মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার ক্ষেত্রে লিঙ্গ বৈষম্য দূরসহ নিরাপদ খাবার পানির সুবিধা নিশ্চিত করেছে। বাংলাদেশ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার (এমডিজি) তিনটি লক্ষ্য ইতোমধ্যে অর্জন করেছে বলে তিনি উল্লেখ করেন।

মন্ত্রী গতকাল ভারতের নয়াদিল্লিতে লাইভলিহুড এশিয়া সামিটে বক্তৃতাকালে এ কথা বলেন।

ভারতের সংখ্যালঘু বিষয়কমন্ত্রী নাজমা এ হেপতুল্লাহ সম্মেলনের উদ্বোধন করেন। এক্সেস ডেভেলপমেন্ট সার্ভিস আয়োজিত এ সম্মেলনের পৃষ্ঠপোষক ব্র্যাক বাংলাদেশ। বাংলাদেশ এ সম্মেলনের ফোকাস কান্ট্রি।

সম্মেলনের মূল লক্ষ্য নীতি প্রণয়ন প্রভাবিত, সর্বোত্তম রীতির প্রদর্শন এবং গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ মোকাবিলা করা। বাংলাদেশসহ এশিয়ার ৮টি দেশ থেকে ৬শ প্রতিনিধি এবারের সম্মেলনে অংশগ্রহণ করেন।